

বরাবর,  
উপজেলা নির্বাহী অফিসার  
মধুখালী, ফরিদপুর।

বিষয়ঃ জানুয়ারি/২০২৩ মাসের কামালদিয়া ইউপি আইন শৃংখলার সভার কার্যবিবরণী প্রেরন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আপনার নির্দেশনা মোতাবেক ৪নং কামালদিয়া ইউপির জানুয়ারি/২০২৩ মাসের সভার কার্যবিবরণীর কপি অত্র সাথে প্রেরন করা হলো।

সংযুক্তি ঃ  
(ক) সভার কার্যবিবরণী



ওয়ালিদ হাসান মামুন  
চেয়ারম্যান  
৪নং কামালদিয়া ইউনিয়ন পরিষদ  
মধুখালী, ফরিদপুর।

জানুয়ারি/২০২৩ মাসের আইন শৃংখলার সভার কার্যবিবরণী

স্থানঃ ৪নং কামালদিয়া ইউ,পি কার্যালয়

তারিখঃ ২৫/০১/২০২৩খ্রিঃ

সময়ঃ সকাল ১০.০০ঘটিকা

ক্রঃ নং	সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	ওয়ালিদ হাসান মামুন	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	রোমা বেগম	ইউপি সদস্য	সদস্য	,,	
০৩	আলম সেক	ইউপি সদস্য	সদস্য	,,	
০৪	মনিরুল ফকির	আনসার সদস্য	সদস্য	,,	
০৫	আমিনুল ইসলাম	দফাদার	সদস্য	,,	
০৬	আসিবুল ইসলাম সজিব	সচিব	সদস্য সচিব	,,	

আলোচ্য বিষয়ঃ

১. গত সভার কার্যবিবরণী পাঠ
২. জুয়া ও নেশা খোরদের হাত থেকে সমাজ রক্ষা করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন।
৩. ইউনিয়নে ধর্মীয় সম্পৃতি বৃদ্ধি করণ সম্পর্কে আলোচনা
৪. বিবিধ

অদ্যকার সভায় ইউ,পি চেয়ারম্যান ও ইউনিয়ন আইন শৃংখলার কমিটির সভাপতি, ওয়ালিদ হাসান মামুন সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা গেল।

আলোচ্য বিষয় ০১.

সভাপতি সাহেব ১নং আলোচ্য বিষয়ের আলোকে উপস্থিত সকলকে গতমাসে অত্র ইউপি আইন শৃংখলার সভায় উপস্থান করার জন্য বলেন। আলোচনাঃ সভাপতি সাহেবের উপরে উল্লেখিত প্রস্তাবের প্রেক্ষিতে উপস্থিত সকল সদস্য নিজেদের মধ্যে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় উপস্থান করেন যে, গত মাসে অত্র ইউপিতে উল্লেখ যোগ্য কোন দূরঘটনা ঘটে নাই। আইন শৃংখলার পরিস্থিতি মোটামুটি ভালো ছিলো। তবে বর্তমান কিছু কিছু এরিয়াতে বহিরাগত কিছু মানুষের আনা গোনা পরিলক্ষিত হয়। সে কারনে এ বিষয় প্রতিরোধ করা প্রয়োজন।

আলোচ্য বিষয়ঃ-২

সভাপতি সাহেব ২নং আলোচ্য বিষয়ের আলোকে উপস্থিত সকলকে অবহিত করেন যে, বিভিন্ন এলাকায় বহিরাগত জুয়া ও নেশা খোরদের আনাগোনা এবং তাহাদের মাধ্যমে এলাকার যুব সমাজ নেশা গ্রন্থ হওয়ার সংবাদ পাওয়া যাচ্ছে। তিনি সকলকে এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য বলেন। আরও বলেন যে, বর্তমান শীতকাল ঘন কুয়াশায় রাস্তায় রাতে ডাক্তারি বা ছিনতাইকারীদের তৎপরতা বাড়তে পারে সে বিষয়ে গ্রাম পুলিশগনকে সজাগ থাকতে বলেন। এবং এরকম কোন কিছু ঘটলে তৎক্ষনিক থানায় খবর দিতে বলেন।

সভাপতি সাহেবের এ প্রস্তাবের প্রেক্ষিতে উপস্থিত সকলে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় মতামত উপস্থাপন করেন যে, দিনদিন অত্র ইউনিয়নে নেশা খোরদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এর প্রতিরোধ না করা হলো সমাজ ধংসের মুখে পতিত হবে। তাই এ বিষয়ে করণীয় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ

উপরের আলোচনার প্রেক্ষিতে নেশা খোরদের কোন সন্ধান পাওয়া গেলে সঙ্গে সঙ্গে প্রশাসনকে অবহিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।


আলোচ্য বিষয়ঃ-৩

সভাপতি সাহেব ৩ নং আলোচ্য সূচি অনুযায়ী বলেন, আমাদের ইউনিয়নে বিভিন্ন ধর্মের লোক একত্রে বসবাস করে, মধুখালি উপজেলার অন্যান্য ইউনিয়নের থেকে কামালদিয়া ইউনিয়নে হিন্দু ধর্মালম্বী লোকের সংখ্যা বেশি এবং আমরা একত্রে শান্তিতে বসবাস করছি, কিন্তু বর্তমানে কিছু ফেসবুক ধারী কুচক্রকারিরা সহিংসতা বৃদ্ধির জন্য সোসাল মিডিয়ার মাধ্যমে উসকানি মূলক বিভিন্ন পোস্ট দিয়ে শান্তি শৃংখলা নষ্ট করছে।

সিদ্ধান্তঃ

উপরের আলোচনার প্রেক্ষিতে এই জাতীয় কোন ব্যক্তির সন্ধান পাওয়া গেলে সঙ্গে সঙ্গে প্রশাসনকে অবহিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় অন্য আর আলোচনা নাথাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



আলোচনাঃ-

সভায় অন্য আর আলোচনা নাথাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।